



বাংলাদেশ পর্যটন করপোরেশন  
প্রশাসন শাখা  
বীর উত্তম এ কে খন্দকার সড়ক  
৮৩-৮৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।



...

সভাপতি	ড. মোঃ আলী আকবর পরিচালক (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	২৩-০৩-২০২০ খ্রি.
সভার সময়	বেলা ১১:৩০ মিনিট
স্থান	সম্মেলন কক্ষ, বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত বাপক-এর এপিএ টিমের সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে বাপক-এর ২০১৯-২০২০ অর্থ বছরের কর্ম সম্পাদন চুক্তি (এপিএ)'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য কমিটির সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন।

২.০ সভায় বাপক-এর ২০১৯-২০২০ অর্থ বছরের কর্ম সম্পাদন চুক্তি (এপিএ)'র নির্ধারিত কর্ম সম্পাদন সূচকের বিপরীতে বিভিন্ন বিভাগ/শাখার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে চুক্তিতে উল্লিখিত বিভিন্ন সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নের জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

৩.০ ধারাবাহিক আলোচনা অনুযায়ী গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রম	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ/শাখা
৩.১	সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন ও পর্যালোচনা	১. সংশ্লিষ্ট বিভাগ/শাখার দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দকে এপিএ-তে নির্ধারিত সূচক ও সূচকের বিপরীতে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ) অর্জনের বিষয়ে যথাযথভাবে তথ্য প্রদান ও প্রমাণক সরবরাহের জন্য ধন্যবাদ প্রদান করা হয়। ২. ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২০ পর্যন্ত) সময়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে বিভাগীয় ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ তাঁদের বিভাগীয় প্রধানদের অবহিত করবেন এবং অর্জনের প্রমাণক সংরক্ষণ করবেন।	প্রশাসন বিভাগ/সকল বিভাগ
৩.২	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের সূচকে নির্ধারিত অর্জন প্রসঙ্গে	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কর্ম সম্পাদন সূচকে উল্লিখিত লক্ষ্যমাত্রা [১.১.১], [২.২.১], [২.৩.১], [২.৪.২], [৩.১.২], [৩.২.১], [৩.৪.১], [৩.৪.২] নির্ধারিত সময়ে অর্জন করতে হবে। এছাড়া [১.১.৪] সূচকের লক্ষ্যমাত্রা আগামী বাণিজ্যিক সম্মেলনে আলোচনা করতে হবে।	বিভাগীয় প্রধান (পিটিএস)/ সদস্য সচিব (ইনোভেশন কমিটি)/ব্যবস্থাপক (এস্টেট) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ/বাণিজ্যিক বিভাগ
৩.৩	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) সম্পর্কে বিশদ জ্ঞান অর্জন এবং উক্ত কর্মসূচিতে উল্লিখিত সূচকসমূহে অধিকতর নম্বর প্রাপ্তির লক্ষ্যে এ সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। সচিবালয় নির্দেশমালা অনুযায়ী পরিকল্পনা বিভাগ প্রশিক্ষণের আয়োজন করবে।	প্রশাসন বিভাগ / পরিকল্পনা বিভাগ
৩.৪	চাহিদা অনুযায়ী এপিএ'র অপরাপার বিষয়ে মন্ত্রণালয়ে তথ্য প্রেরণ প্রসঙ্গে	তাৎক্ষণিকভাবে মন্ত্রণালয় কর্তৃক চাহিত এপিএ সংশ্লিষ্ট অপরাপার বিষয়ে তথ্য প্রেরণে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান সর্বোচ্চ গুরুত্ব প্রদান করবেন।	প্রশাসন বিভাগ

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মোঃ আলী আকবর  
পরিচালক (প্রশাসন ও অর্থ)


স্মারক নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৮.০২২.২০.৩০৫

তারিখ: ১১ চৈত্র ১৪২৬

২৫ মার্চ ২০২০

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-সচিব, সিএ-১ অধিশাখা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
- ২) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বিপণন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) অধ্যক্ষ (এনএইচটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) ব্যবস্থাপক, অডিট শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১১) উপব্যবস্থাপক, পরিকল্পনা-১ শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১২) উপব্যবস্থাপক, বাণিজ্যিক বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৩) উপব্যবস্থাপক, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৪) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৫) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৬) সহকারী প্রকৌশলী (সিভিল)-২, পূর্ত বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৭) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৮) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১৯) সহকারী নির্বাহী কর্মকর্তা, আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন



রমেন্দ্র নাথ মন্ডল

উপব্যবস্থাপক (প্রশাসন) ও এপিএ ফোকাল  
পয়েন্ট, বাপক